গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
বদলগাছী, নওগাঁ ।

স্মারক নং-০৫.৪৩.৬৪০৬.০০০.০০৬.০১১.২০১৮-৪৯৮

তারিখঃ- ২৮ ফাল্গুন ১৪২৪ বঙ্গাব্দ । / ১২ মার্চ ২০১৮ খ্রিষ্টাব্দ ।

২০ (কুড়ি) একর পর্যন্ত আয়তনের সরকারি খাস বদ্ধ জলমহাল ইজারার জন্য দরপত্র/আবেদন পত্র আহ্বানের বিজ্ঞপ্তিঃ-০২

এতদ্বারা সংশিষ্ট সকলের অবগতির জন্য জানান যাচ্ছে যে, সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি ২০০৯ এর আলোকে নওগাঁ জেলাধীন বদলগাছী উপজেলার বিভিন্ন ইউনিয়নের অন্তর্গত ২০ একর পর্যন্ত আয়তনের সংযুক্ত তালিকায় বর্নিত সরকারি খাস বদ্ধ জলমহাল শর্তসাপেক্ষে ১৪২৫ হতে ১৪২৭ বঙ্গাব্দ পর্যন্ত ০৩ (তিন) বছরের জন্য সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে নির্ধারিত ফরমে দরপত্র/আবেদন পত্রের মাধ্যমে ইজারা প্রদানের লক্ষ্যে পৃথক পৃথক ভাবে সীলমোহরকৃত খামে দরপত্র/আবেদন পত্র আহবান করা যাচ্ছে ।

০২ । প্রয়োজনীয় শর্তসম্বলিত দরপত্র সিডিউল/আবেদন পত্র (ক) জেলা প্রশাসক, নওগাঁ মহোদয়ের কার্যালয় (রাজস্ব শাখা); (খ) উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়; (গ) সহকারী কমিশনার (ভূমি) এর কার্যালয়; (ঘ) উপজেলা সমবায় অফিসারের কার্যালয়; (ঙ) উপজেলা যুব উন্নয়ন অফিসারের কার্যালয় এবং (চ) উপজেলা মৎস্য অফিসারের কার্যালয়, বদলগাছী, নওগাঁ হতে নিম্নোক্ত ক্যালেন্ডার অনুযায়ী দরপত্র দাখিলের পূর্ব দিন পর্যন্ত অফিস চলাকালীন সময়ে নগদ ৫০০/-(পাঁচশত) টাকা মূল্যে (অ-ফেরতযোগ্য) ক্রয় করা যাবে ।

০৩ । দরপত্র সিডিউল/আবেদন পত্র জেলা প্রশাসক, নওগাঁ মহোদয়ের কার্যালয় (রাজস্ব শাখা) এবং নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে রক্ষিত দরপত্র বাক্সে নিম্নোক্ত ক্যালেন্ডার অনুযায়ী দরপত্র দাখিলের জন্য নির্ধারিত তারিখে দুপুর ০১.০০ ঘটিকা পর্যন্ত গ্রহণ করা হবে এবং ঐ দিন বিকাল ০২.৩০ ঘটিকায় উপস্থিত দরপত্র দাতাদের সম্মুখে (যদি কেউ উপস্থিত থাকেন) দরপত্র বাক্স খোলা হবে ।

ক্যালেন্ডার

| পর্যায় | দরপত্র সিডিউল বিক্রির শেষ তারিখ | দরপত্র দাখিলের তারিখ ও সময় | | দরপত্র বাক্স খোলার তারিখ ও সময় | |
|---|---|---|---|---|---|
| | | তারিখ | সময় | তারিখ | সময় |
| ২য় পর্যায় | ২১-০৩-২০১৮ | ২২-০৩-২০১৮ | দুপুর ০১.০০ টা পর্যন্ত | ২২-০৩-২০১৮ | বিকাল ০২.৩০ টা |
| ৩য় পর্যায় | ০৪-০৪-২০১৮ | ০৫-০৪-২০১৮ | দুপুর ০১.০০ টা পর্যন্ত | ০৫-০৪-২০১৮ | বিকাল ০২.৩০ টা |
| ৪র্থ পর্যায় | ১৮-০৪-২০১৮ | ১৯-০৪-২০১৮ | দুপুর ০১.০০ টা পর্যন্ত | ১৯-০৪-২০১৮ | বিকাল ০২.৩০ টা |

০৪ । ইজারাযোগ্য জলমহাল সমূহের বিস্তারিত তথ্যাদি ও ইজারা সম্পর্কিত শর্তাবলী অফিস চলাকালীন সময়ে জানা যাবে ।

মাসুম আলী বেগ
সভাপতি
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
ও
উপজেলা নির্বাহী অফিসার
বদলগাছী, নওগাঁ ।
১২/৩/১৮

চলমান পাতা/০২

শর্তাবলী ঃ

০১। সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ এর আলোকে সংযুক্ত তালিকায় বর্ণিত জলমহাল সমূহ কেবলমাত্র আগ্রহী সমবায়/সমাজ সেবা অধিদপ্তরের নিবন্ধিত প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতি ও মৎস্যজীবী সমিতি/সংগঠনের অনুকূলে নির্ধারিত মূল্যে দরপত্র সিডিউল/আবেদন পত্রের মাধ্যমে তিন বছর মেয়াদে ইজারা প্রদান করা হবে। কোন অনিবন্ধিত সমিতি/সংগঠন আবেদন করতে পারবে না।

০২। ২য় পর্যায়ে দরপত্র অনুষ্ঠানে যে বদ্ধ জলমহালের দাখিলকৃত দর অনুমোদিত হবে, ৩য় পর্যায়ে (পুনঃ দরপত্র অনুষ্ঠানে) ঐ জলমহালের নাম বাদ দেয়া হয়েছে মর্মে গণ্য হবে এবং একই ধারাবাহিকতায় ৪র্থ পর্যায় পর্যন্ত তা বলবৎ থাকবে।

০৩। দরপত্র/আবেদন পত্রের সাথে দরপত্র/আবেদন পত্রে উদ্ধৃত মূল্যের ২০% অর্থ তফসিলি ব্যাংক হতে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এর মাধ্যমে উপজেলা নির্বাহী অফিসার, বদলগাছী, নওগাঁ এর অনুকূলে জামানত হিসেবে জমা প্রদান করতে হবে। উক্ত জামানতের অর্থ শেষ বছরের ইজারা মূল্যের সাথে সমন্বয় করা হবে। দরপত্র/আবেদন পত্রে বৎসর ভিত্তিক ইজারা মূল্য উলেখ করতে হবে।

০৪। আগ্রহী নিবন্ধিত প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতি ও মৎস্যজীবী সমিতি/সংগঠন সমূহকে উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির সদস্য সচিবের সীল সম্বলিত স্বাক্ষরসহ নির্দিষ্ট ফরমে (পরিশিষ্ট-ক) আবেদন করতে হবে। আবেদন পত্রের সাথে সংগঠন/সমিতির নির্বাচিত কমিটি, গঠনতন্ত্রের কপি, ব্যাংক একাউন্টের লেনদেন সংক্রান্ত প্রত্যয়ন পত্রসহ প্রয়োজনীয় তথ্য ও সত্যায়িত ছবি সংযোজন করতে হবে। এছাড়া সংশিষ্ট মৎস্যজীবী সংগঠন/সমিতি ০৩ (তিন) বছর মেয়াদী লীজ পাওয়ার লক্ষ্যে সংশিষ্ট জলমহালের মৎস্য চাষ/উৎপাদন/সুষ্ঠু ব্যবস্থাপনার পরিকল্পনা/রুপরেখা সংযুক্ত করতে হবে। আবেদন অসম্পূর্ণ থাকলে তা সরাসরি বাতিল বলে গণ্য হবে।

০৫। নির্দিষ্ট ফরমে (পরিশিষ্ট-ক) আবেদন পত্র দাখিলের সময় প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতি ও মৎস্যজীবী সমিতি/সংগঠন সমূহ তাদের সদস্যদের নামের তালিকা (ঠিকানাসহ) এবং নির্বাহী সদস্যদের নামের তালিকা (ঠিকানাসহ) সংযুক্ত করতে হবে এবং একই সাথে তার অনুলিপি উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির নিকট দাখিল করতে হবে।

০৬। আবেদনকারী কোন মৎস্যজীবী সমবায় সমিতি ও মৎস্যজীবী সমিতি/সংগঠনে যদি এমন কোন সদস্য থাকেন যিনি প্রকৃত মৎস্যজীবী নহেন তা হলে উক্ত সমিতি জলমহাল বন্দোবস্তের অযোগ্য হিসেবে বিবেচিত হবে। এছাড়া আবেদনকারী মৎস্যজীবী সমবায় সমিতি ও মৎস্যজীবী সমিতি/সংগঠন যেগুলো বর্তমানে কার্যকর আছে তার প্রমাণ স্বরূপ উপজেলা সমবায়/সমাজ সেবা কর্মকর্তা কর্তৃক প্রত্যয়ন পত্র আবেদন পত্রের সঙ্গে দাখিল করবেন এবং একই সাথে বিগত ০২(দুই) বছরের অডিট রিপোর্ট দাখিল করতে হবে। তবে নতুন সমিতি/সংগঠনের জন্য অডিট রিপোর্ট প্রয়োজন হবে না।

০৭। যার দরপত্র গৃহীত হবে তাকে তার দরপত্র গৃহীত হয়েছে মর্মে অবহিত হওয়ার ০৭(সাত) কার্যদিবসের মধ্যে প্রাপ্য ইজারা মূল্য কোড নং-১/৪৬৩১/ ০০০০/১২৬১ তে জমা করতে হবে। ইজারা মূল্যের অতিরিক্ত ১৫% ভ্যাট ও ৫% আয়কর (কোড নং- ১/১১৩৩/০০২০/০৩১১ ও ১/১১৪১/০০৬০/০১১১) একযোগে পরিশোধ করতে হবে। অন্যথায় জামানতের সমূদয় অর্থ বাজেয়াপ্তসহ দাখিলকৃত দরপত্র/আবেদন পত্র বাতিল বলে গণ্য হবে এবং জলমহালটি পুনরায় ইজারা প্রদানের ব্যবস্থা করা হবে। সম্পূর্ণ ইজারা মূল্যসহ সকল সরকারি পাওনাদি পরিশোধান্তে নির্ধারিত চুক্তি নামার মাধ্যমে জলমহালের দখল সংশিষ্ট ইজারা গ্রহীতাকে বুঝে দেয়া হবে। লীজ প্রাপ্ত সমিতির জামানতের অর্থ শেষ বছরে ইজারা মূল্যের সাথে সমন্বয় করা হবে। লীজ প্রাপ্ত হয়নি এমন সমিতির ব্যাংক ড্রাফট/পে-অর্ডার ফেরৎ প্রদান করা হবে। দ্বিতীয় ও তৃতীয় বছরের সম্পূর্ণ ইজারা মূল্য ১৫ চৈত্রের মধ্যে পরিশোধ করতে হবে।

০৮। ইজারাকৃত জলমহাল কোনভাবেই সাবলীজ দেয়া যাবে না। জলমহাল ইজারা চুক্তি শর্তসমূহ অথবা জলমহাল সংক্রান্ত বর্তমান সরকারি নীতিমালা ২০০৯ কোনভাবে লংঘন করা হলে ইজারা স্বয়ংক্রিয়ভাবে বাতিল হয়ে যাবে।

০৯। যার দরপত্র গৃহীত হবে তাকে জলমহাল সংক্রান্ত বর্তমান নিয়মনীতি এবং ভবিষ্যতে সরকার কর্তৃক জারীকৃত সকল আদেশ নির্দেশ মান্য করে চলতে হবে। কোন কারণ ব্যতিরেকেই কর্তৃপক্ষ যে কোন দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

মাসুম আলী বেগ
সভাপতি
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
ও
উপজেলা নির্বাহী অফিসার
বদলগাছী, নওগাঁ।
ফোন ঃ ০৭৪২৩-৫৬০০১
ফ্যাক্স ঃ ০৭৪২৩-৫৬০৬২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
বদলগাছী, নওগাঁ।

স্মারক নং-০৫.৪৩.৬৪০৬.০০০.০০৬.০১১.২০১৮- ৫১৮

তারিখঃ- ২৮ ফাল্গুন ১৪২৪ বঙ্গাব্দ।
১২ মার্চ ২০১৮ খ্রিষ্টাব্দ।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে প্রেরণ করা হ'ল ঃ

০১। মাননীয় সংসদ সদস্য, ৪৮, নওগাঁ-৩।
০২। জেলা প্রশাসক, নওগাঁ।
০৩। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), নওগাঁ।
০৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বদলগাছী, নওগাঁ।
০৫। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বদলগাছী, নওগাঁ।

অনুলিপি অবগতি ও বহুল প্রচারের অনুরোধসহ প্রেরণ করা হ'ল ঃ

০১। উপজেলা ............................................................ অফিসার (সকল), বদলগাছী, নওগঁ।
০২। সহকারী কমিশনার (ভূমি)..............................................নওগাঁ।
০৩। উপজেলা মৎস্য/সমবায়/যুব উন্নয়ন অফিসার, বদলগাছী, নওগাঁ। তাঁকে বিজ্ঞপ্তিটি তাঁর অধিক্ষেত্রাধীন সকল মৎস্যজীবী সমবায় সমিতি ও মৎস্যজীবী সমিতি/ সংগঠনসমূহকে অবহিতকরণের জন্য অনুরোধ করা হ'ল।
০৪। চেয়ারম্যান,............................................. ইউনিয়ন পরিষদ (সকল), বদলগাছী, নওগাঁ।
০৫। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা,............................................................ইউনিয়ন ভূমি অফিস, বদলগাছী, নওগাঁ। বিজ্ঞপ্তিটি তার অধিক্ষোধীন হাট-বাজারসমূহে ঢোল শহরতের মাধ্যমে বহুল প্রচার অন্তে জারীর কপি প্রতিবেদনসহ দরপত্র গ্রহণের পূর্ব এ কার্যালয়ে প্রেরণরে জন্য অনুরোধ করা হলো।
০৬। সভাপতি/সম্পাদক,..............................................................................................(সংশিষ্ট সকল) সমিতি/সংগঠন, বদলগাছী, নওগাঁ।
০৭। নোটিশ বোর্ড, এ দপ্তর, হাসপাতাল, পোস্ট অফিস, সাব রেজিষ্ট্রী অফিস, পুলিশ ষ্টেশন, সোনালী ব্যাংক, বদলগাছী, নওগাঁ।

মাসুম আলী বেগ
উপজেলা নির্বাহী অফিসার
বদলগাছী, নওগাঁ।
১২/৩/১৮

১৪২৫-১৪২৭ বঙ্গাব্দে ০৩ বছর মেয়াদে ইজারাযোগ্য জলমহালের সরকারি মূল্য নির্ধারণ বিবরণী (২য় পর্যায়) ঃ

| ক্রঃ নং | ইউনিয়নের নাম | জলমহালের বিবরণ | | | বিগত তিন বছরের ইজারা মূল্য (১৪২২-২৪) | তিন বছরের সরকারি ইজারা মূল্য (১৪২৫-২৭) |
|---|---|---|---|---|---|---|
| | | মৌজা | দাগ নং | আয়তন (একর) | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| ০১ | বদলগাছী | চাংলা | ২২৫ | ০.২৫ | ২১০০/- | ২২০৫/- |
| ০২ | পাহাড়পুর | রসুলপুর | ৩৬৭ | ০.৫১ | ২৭০০/- | ২৮৩৫/- |
| ০৩ | ,, | চাঁপাডাল | ৫৯৯ | ০.২৫ | ২৭০০০/- | ২৮৩৫০/- |
| ০৪ | ,, | চাঁপাডাল | ৩৫৪ | ০.১৬ | ১২০০/- | ১২৬০/- |
| ০৫ | ,, | জগদ্বিশপুর | ৩৩৩৪ | ০.২৯ | ৫৬৭০/- | ৫৯৫৪/- |
| ০৬ | কোলা | খামার আক্কেলপুর | ২১২ | ০.২৫ | ১১২৫/- | ১১৮১/- |
| ০৭ | ,, | খামার আক্কেলপুর | ১০৫৮ | ০.৩৪ | ১৫৩০/- | ১৬০৭/- |
| ০৮ | ,, | খামার আক্কেলপুর | ৫৭১ | ০.৫২ | ২৭৬০/- | ২৮৯৮/- |
| ০৯ | বিলাসবাড়ী | হাজীপুর | ৪৪৮ | ০.৪৭ | ২১১৫/- | ২২২১/- |
| ১০ | আধাইপুর | বেগুনজোয়ার | ২৫০ | ০.৩৬ | ২৫৫৫/- | ২৬৮৩/- |
| ১১ | ,, | তিলাবদলী | ১৫৩ | ০.২৯ | ৪২০০/- | ৪৪১০/- |
| ১২ | বালুভরা | খোর্দ্দভবন | ২০০ | ০.১১ | ৭৯৫ | ৮৩৫/- |

মাসুম আলী বেগ
উপজেলা নির্বাহী অফিসার
বদলগাছী, নওগাঁ।
ফোন ঃ ০৭৪২৩-৫৬০০১
ফ্যাক্স ঃ ০৭৪২৩-৫৬০৬২